

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মিশন শাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০১৬.১১.০০১.১৮-১৩৭

তারিখ: ১০/০১/২০১৯খ্রি:

বিষয়: বাংলাদেশ কনসুলেট নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র, এর পাসপোর্ট ও ভিসা উইং-এ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর শূন্য পদে কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি।

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোভুক্ত বাংলাদেশ কনসুলেট নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রের পাসপোর্ট ও ভিসা উইং-এ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগের জন্য সংযুক্ত “জীবন বৃত্তান্ত ছক” অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োক্ত বিবরণ ও শর্তাধীনে যোগ্য/আগ্রহী কর্মচারী নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

মিশনের নাম	পদের নাম	পদ সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা	কাজের বিবরণ
বাংলাদেশ কনসুলেট নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র,	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১ (এক)টি	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক অথবা সমমর্যাদা সমপন্ন কর্মচারী।	বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এবং বাংলাদেশ ভ্রমণে ইচ্ছুক ব্যক্তিদের মেশিন রিডেবল ভিসা (এমআরভি) প্রদান সংশ্লিষ্ট কাজ।

শর্তাবলী:

- সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সমমর্যাদা সম্পন্ন কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ ২৯/০১/২০১৯ খ্রি: তারিখের মধ্যে সংযুক্ত “জীবন বৃত্তান্ত ছক” পূরণপূর্বক সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ছায়ািলিপি ও পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন করবেন। লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব (মিশন), স্বরাষ্ট্র মন্ত্রণালয় ভবন নং-০৮, কক্ষ নং-১১৮, ২য় তলা এর নিকট পৌছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীর চাকরি স্থায়ী হতে হবে।
- যে সকল কর্মচারী সরকারী চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার জন্য বিবেচিত হবেন না।
- যে সকল কর্মচারী ইতঃপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকরী করেছেন, চাকরী শেষে দেশে প্রত্যাবর্তনের ০৪ (চার) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসে যারা ইতঃপূর্বে সমমর্যাদার পদে চাকরী করেছেন তাঁরা আবেদন করার জন্য বিবেচিত হবেন না।
- ১ম জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না।
- বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর সত্যায়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৬ নম্বর ফর্মিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ার থাকবে।


(সেখ কামাল হোসেন)
উপসচিব


ফোন: ০২৯৫৪৬৬১৭
mission1@ssd.gov.bd

তারিখ: ১০/০১/২০১৯খ্রি:

নং-৫৮.০০.০০০০.০১৬.১১.০০১.১৮- ২৬৭

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- অতিরিক্ত সচিব (সকল) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- যুগ্মসচিব (সকল) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- উপসচিব/উপপ্রধান (সকল) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারীপ্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান..... (সকল) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- হিসাব রক্ষণ কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- অফিস কপি।


(সেখ কামাল হোসেন)
উপসচিব